ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি দপ্তর
******

স-২০১৯
আগরতলা, ৩০ জুলাই, ২০২৫

**আগামী আগস্ট মাস থেকে ন্যাশনাল স্যাম্পল সার্ভের তৃতীয় পর্যায়ের কাজ শুরু হবে**

সারা রাজ্যের সাথে পশ্চিম জেলায়ও জেলা পরিসংখ্যান কার্যালয়ের উদ্যোগে গত জানুয়ারি ২০২৫ থেকে ৮০তম ন্যাশনাল স্যাম্পল সার্ভের কাজ শুরু হয়েছে। বছরে ৪টি পর্যায়ে এই সার্ভের কাজ করা হয়ে থাকে। এই বছরের ৪টি পর্যায়ের মধ্যে ২টি পর্যায়ের সার্ভের কাজ ইতিমধ্যেই শেষ হয়েছে। এই দুটি পর্যায়ে সামাজিক ও আর্থিক বিষয় নিয়ে সার্ভে করা হয়েছে। উল্লেখ্য, প্রতিটি পর্যায়ে ১৬টি করে গ্রামীণ রেভিনিউ ব্লক এবং ১০টি করে শহরের রেভিনিউ ব্লক এলাকায় এই সার্ভে করা হয়ে থাকে। পরিসংখ্যান দপ্তরের জেলা আধিকারিক এই সংবাদ দিয়ে জানান, আগামী আগস্ট মাস থেকে তৃতীয় পর্যায়ের সার্ভের কাজ শুরু হবে। তাতে ৫০টি রেভিনিউ ব্লকে সার্ভে করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। এই তৃতীয় পর্যায়ে স্বাস্থ্য বিষয়ক সার্ভে করা হবে।

*******